মেহেরপুর নতুন দরবেশপুর দাখিল মাদ্রাসায় ক্লাস্টার মিটিং

মেহেরপুর নতুন দরবেশপুর দাখিল মাদ্রাসায় ক্লাস্টার মিটিং অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে ২৬ জন প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে এ মিটিং অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ সরকারের এডিজি-৪ বাস্তবায়ন ও মান সম্মত শিক্ষা নিশ্চিত করনের লক্ষে এ মিটিং এর আয়োজন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা একাডেমিক সুপারভাইজার আনারুল ইসলাম, পিরোজপুর ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস প্রমুখ।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে ধর্মীয় উসকানী ও রাষ্ট্র বিরোধী কর্মকান্ডের অভিযোগে যুবক আটক

মেহেরপুরের গাংনীতে ধর্মীয় উসকানী ও রাষ্ট্র বিরোধী কর্মকান্ডের অভিযোগে মাসুম বিল্লাহ (২৩) নামের এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ।
গ্রেফতারকৃত’র বিরুদ্ধে গতকাল সোমবার গাংনী থানার এস আই হাবিবুর রহমান বাদী হয়ে একটি মামলা দায়ের করেছে।
মাসুম বিল্লাহ গাংনী উপজেলার কল্যানপুর গ্রামের মকলেচুর রহমানের ছেলে। গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, ধর্মীয় উসকানী মুলক অপপ্রচার ও প্রধানমন্ত্রীকে উদ্দেশ্য করে আক্রমনাতœক ভাষায় রাষ্ট্রের সুনাম ক্ষুন্ন, জাতির পিতা বঙ্গবন্ধুকে অস্বীকার করে প্রোপাগন্ডা এবং ইসকনের মাধ্যমে বাংলাদেশে হিন্দুত্ববাদের শাসন

চলছে মর্মে প্রচারনার অভিযোগে মাসুম বিল্লাহকে গ্রেফতার করা হয়। এ ঘটনায় তার বিরুদ্ধে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে যার নং ২৪ তাং ২৮-১০-১৯ ইং। মামলার তদন্তকারী কর্মকর্তা এস আই বিশ্বজিৎ দাবি করে বলেছেন মাসুম বিল্লাহ শশুর নুরালের বাড়ি থেকে গত রবিবার তাকে গ্রেফতার করা হয়েছে। এবং সেখান থেকে ল্যাপটপ মোবাইল জব্দ করা হয়েছে।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামানের তুরুষ্ক সফরের শেষ দিন আজ

মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন ৪ দিনের সরকারি সফরের শেষ দিন আজ। তিনি গত ২৫ শে অক্টোবর বৃহস্পতিবার ঢাকা শাহাজালাল আন্তর্জাতিক বিমান বন্দর থেকে একটি বিশেষ বিমান যোগে সরকারি সফরে তুরুষ্কে পৌছান।
গত ২৬ অক্টোবর তুরুষ্কের এশিয়ার দেশ গুলোর সংসদীয় কার্যনিবার্হী পরিষদের সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত সমাবেশে সফরত বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করেন এবং সমাবেশে বক্তব্য রাখেন সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

এ সময় তুরুষ্কের সংসদে বাংলাদেশের উন্নয়ন অগ্রগতি সম্পর্কিত বক্তব্য দেন। তুরুষ্কের হেড অব ডেলিগেশন এন্ড চেয়ারপার্সন আসুমান এরদোগান, এশিয়ার পার্লামেন্টরি এসেম্বলি এর সেক্রেটারি জেনারেল ড. মোহাম্মদ রেজা মাজিদি, তুরুষ্কের সংসদ প্রধান ও স্পিকার, ভুটানের স্পিকার, কম্বোডিয়ার স্পিকার এদের সাথে মতবিনিময় শেষে নৈশ্য ভোজে অংশ গ্রহন করেন।

এছাড়াও সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান তুরুষ্কের বিভিন্ন দর্শনীয় স্থান ঘুরে দেখেন। আগামীকাল ২৯ অক্টোবর তিনি দেশে ফিরবেন । ৩১ অক্টোবর তিনি নিজ জেলা মেহেরপুরে ফিরে আসবেন।

এদিকে সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনকে অভিনন্দন ও শুভেচ্ছা জানাতে স্থানীয় নেতাকর্মীরা বিভিন্ন প্রস্তুতি গ্রহন করেছেন।

বলে সংশ্লিষ্ট সুত্রে জানিয়েছেন। বাংলাদেশ থেকে সরকারি সফরে যাওয়ায় মেহেরপুরবাসি মাননীয় প্রধানমন্ত্রী দেশরতœ শেখ হাসিনাকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়েছেন।

গাংনী প্রতিনিধি

মেহেরপুরে গলাই ফাঁস লাগিয়ে কিশোরীর আত্মহত্যা

মেহেরপুরে আয়েশা নামের এক কিশোরী গলাই ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছে।
গতকাল সেমাবার দুপরের মেহেরপুর শহরের ৭ নং ওয়ার্ড নতুন শেখ পাড়াই এ ঘটনা ঘটে। নিতহ আয়েশা নতুন শেখ পাড়ার আজজুলের বড় মেয়ে।

তার পরিবার থেকে জানা যায়, পারিবারিক কলহের জের ধরে সোমবার দুপুরে ঘরের চালের আড়ার সাথে ফাঁস লাগিয়ে সে আত্মহত্যা করতে পারে।

তবে এলাকাবাসী বলছে প্রেম ঘটিত কারনে আয়েশা আত্মহত্যা করতে পারে।

এদিকে আয়েশার আত্মহত্যাকে কেন্দ্র করে স্থানীয়রা সিয়াম নামের এক কিশোরকে বেদড়ক পিটিয়েছে। আহত সিয়াম বর্তমানে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছে।

:নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ক্যান্সারের জ্বালা সইতে না পেরে বৃদ্ধের আত্মহত্যা

মেহেরপুরে ক্যান্সারের জ্বালা সহ্য করতে না পেরে আবিদ নামের এক বৃদ্ধ আত্মহত্যা করেছে।
গতকাল সোমবার বিকালে মেহেরপুর সদর উপজেলার গোপালপুর কলনি পাড়ায় এ ঘটনা ঘটে।
স্থানীয়রা জানান, নিহত আবিদ দীর্ঘদিন ধরে ক্যান্সারে ভুগছিল। সেই জ্বালা সহ্য করতে না পেরে সোমবার বিকালে নিজ বাসভবনে বিষ পান করে আত্মহত্যা করে।

নিজস্ব প্রতিনিধি

গাংনীর বামুন্দী অঞ্চলের ৩ রাস্তার কাজ বন্ধে অভিযোগ

একটি মামলার কারণে মেহেরপুরের গাংনীর তিনটা গুরুত্বপূর্ণ সড়ক সংস্কার কাজ বন্ধ রয়েছে শিরোনামে টেলিভিশন ও কয়েকটি পত্রিকায় সংবাদ প্রকাশের পর মামলাটি ১ সপ্তাহের মধ্যে নিস্পত্তি করা হবে বলে জানিয়েছে মামলার বাদী জাকা মোল্লা।

সোমবার রাতে সাংবাদিকদের এ তথ্য নিশ্চিত করেছেন তিনি। চুয়াডাঙ্গা জেলার জীবনগর উপজেলার বাসিন্দা ঠিকাদার জাকা মোল্লা জানান, এলাকাবাসির দূর্ভোগের কথা চিন্তা করেই আগামী ১সপ্তাহের মধ্যে মামলাটি নিস্পত্তি করা হবে।

তিনি আরো বলেন, ১ বছর পূর্বে গাংনী উপজেলার ৯টি রাস্তার কাজ লটারির মাধ্যমে টেন্ডার প্রক্রিয়া শেষ করা হয়। মেহেরপুর জেলার কয়েকজন ঠিকাদার ৬টি, কুষ্টিয়ার একজন ২টি ও তিনি ১টি কাজ লটারির

মাধ্যমে বিজয়ী হন।

মেহেরপুরের ৬টা কাজের অনুমতি দিলেও মেহেরপুর এলজিইডি অফিসের উপসহকারী প্রকৌশলী আব্দুর রহমানের সাজগোজে নানা অজুহাত দেখিয়ে আমাদের বাকী ৩টা টেন্ডার বাতিল করতে উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে লিখিত দিলে সেই ৩ টা কাজের টেন্ডার বাতিল হয়। পরে লটারিতে বিজয়ী হওয়ার পর কাজ না দিয়ে টেন্ডার বাতিল করায় তিনি হাইকোর্টে একটি মামলা দায়ের করেন। হাইকোর্টে মামলায় তিনি পক্ষে রায় পেলেও এলজিইডি আবারও আপিল করে। একারনে সড়ক সংস্কার কাজ বন্ধ রয়েছে।

ঐ তিনটা কাজ বন্ধ হওয়ার পিছনে কলকাঠি নেড়েছেন মেহেরপুর এলজিইডি অফিসের উপসহকারী প্রকৌশলী আব্দুর রহমান। তবে মামলায় আগামি এক সপ্তাহের মধ্যে নিস্পত্তি করা হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

নির্বাহী প্রকৌশলী মো: আছাদুজ্জামানের সরকারী নম্বরে কল দিলে তিনিও রিসিভ করেননি। এ বিষয়ে জানতে সোমবার সন্ধ্যায় উপসহকারী প্রকৌশলী আব্দুর রহমানের মোবাইল ফোনে একাধিকবার কল দিলেও তিনিও রিসিভ করেননি।

বামুন্দী ইউপি চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ সভাপতি মো: শহিদুল ইসলাম বিশ্বাস জানান, ভাঙ্গাচোরা রাস্তার কারণে বামুন্দী অঞ্চলের মানুষ চরম দূর্ভোগে পড়েছে। জনগণকে দূর্ভোগ দেওয়ার পিছনে যদি সহকারী প্রকৌশলী আব্দুর রহমান দায়ি থাকেন তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি করছি।

মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, জনগণকে জিম্মি করে কেউ ফায়দা লুটবে তা হতে দেয়া হবেনা। ঠিকাদারকে তিনি দ্রত মামলা নিস্পত্তি করার তাগিদ দিয়েছি। তবে জনগনকে দূর্ভোগ দেওয়ার জন্য যারা জড়িত তাদের বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা নেয়া হবে।

উল্লেখ্য: গাংনী উপজেলার বামুন্দী-কাজিপুর, কাজিপুর নওদাপাড়া, আকুবপুর মোহাম্মদপুর হয়ে গোয়াল গ্রাম পর্যন্ত এই সড়কটি ঠিকাদারের মামলার কারনে দীর্ঘ কয়েক বছর সংস্কার কাজ বন্ধ রয়েছে। একযুগেরও বেশি সময় আগে সংস্কার হলেও বর্তমানে ঐ সড়ক গুলো দিয়ে চলাচল কষ্ট সাধ্য হয়েছে পড়েছে।

গাংনী উপজেলা প্রকৌশলীর দপ্তর থেকে জানা গেছে, ১ বছর পূর্বে বামুন্দী কাজিপুর সড়ক ১ কোটি ৫ লক্ষ, মোহাম্মদপুর-গোয়াল গ্রাম

১ কোটি ১৩ লক্ষ ও নওদাপাড়া-কাজিপুর সড় প্রায় ৩ কোটি টাকার টেন্ডার হয়।

কিন্তু লটারি বিজয়ীদের কাজ না দেওয়ার কারনে মামলা করলে সড়ক সংস্কার কাজ বন্ধ হয়ে যায়। সহকারী প্রকৌশলী আব্দুর রহমান ১৭/০২/২০৪ সালে মেহেরপুরে যোগদান করেন বলে এলজিইডি অফিস সূত্রে জানা গেছে।

গাংনী প্রতিনিধি

ভুল অপারেশনে আবারও রোগীর মৃত্যুর অভিযোগ

মেহেরপুরের গাংনীতে রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতালে ভুল অপারেশনে অবশেষে নাসিরা খাতুন নামের এক নারীর মৃত্যু হয়েছে।
গত রবিবার ভোরে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

এদিকে ক্লিনিক মালিক তরিকুল ইসলাম বিষয়টি ধামাচাপা দেওয়ার জন্য রোগীর স্বজনদের টাকা পয়সা দিয়েছে বলে সাংবাদিকদের জানান। ক্লিনিক মালিক সাংবাদিকদের বলেন রোগীদের যেহেতু ক্ষতি পূরণ দেওয়া হয়েছে সেহেতু তাদের অভিযোগ করার কথা নয়।

এর আগে রবিউল মেমোরিয়াল হামপাতালে অপারেশনের কারণে রোগীর অবস্থার অবনতী হলে রোগীর স্বজনরা কুষ্টিয়া সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান সেখানে কর্তব্যরত ডাক্তাররা রোগীর অবস্থার অবনতি দেখে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে তারাও একই কথা বলেন।

রোগীর অবস্থার এমন অবনতী দেখে রোগীর স্বজনরা গাংনীর রবিউল মেমোরিয়াল হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে হত্যা মামলা করারও কথা বলেন।
পরে রোগীর স্বজনদেরকে আর্থিক ক্ষতিপূরণ দিতে চাইলে স্বজনরা

মামলার পথ থেকে ফিরে আসেন বলে জানা যায়।

এদিকে রোগীর এক স্বজন জানান, রবিউল মেমোরিয়ালের মালিক তরিকুল ইসলাম নিহত নাসিরা খাতুনের ছেলেকে টাকা দিয়েছে বলে জানান। রোগীর স্বজনদের টাকা দেওয়ার বিষয়ে জানতে চাইলে তা অকপটে স্বীকার করেন হাসপাতাল মালিক তরিকুল ইসলাম।

প্রথম দিন এনিয়ে হাসপাতাল কর্তৃপক্ষ ও রোগীর স্বজনদের মধ্যে উত্তপ্ত বাক্য বিনিময় হয়। প্রথম দিন রোগীর স্বজনরা সাংবাদিকদের কাছে ক্লিনিকের বিরুদ্ধে অভিযোগ করে বলেন, ভুল অপারেশনে যদি রোগী মারা যায় তাহলে ক্লিনিকের বিরুদ্ধে হত্যা মামলা দ্বায়ের করবে। কিন্তু রোগীর মৃত্যুর পার আজ জানতে চাইলে তারা ক্লিনিকের বিরুদ্ধে মুখ খোলেনি।

এদিকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডা. বিডি দাস কোন সার্জিক্যাল অভিজ্ঞতা না থাকা শর্তেও অপারেশন করতে পারেন কিনা এ নিয়ে নানান প্রশ্ন দেখা দিয়েছে। তাছাড়াও অপারেশন টেবিলে কোন এ্যানেস্থেসিয়া ডাক্তার ছিলনা।

এ বিষয়ে জানতে চাইলে ডা. বিডি দাস সাংবাদিকদের বলেন এ্যনেস্থেসিয়া না থাকায় আমি নিজেই রোগীর অপারেশন করেছি। তাছাড়া রোগীর স্বজনদের মধ্যে থেকে চারজনের মৃত্যু ঝুকির স্বাক্ষর নিয়েই অপারেশন করা হয়েছে। এতে রোগীর কিছু হলে আমাদের কিছু করার নেই কারণ তাদের সম্মতিতেই অপারেশন করা হয়েছে।

মৃত নাসিরার এক মেয়ে জানান, মায়ের অপারেশনের একদিন পর অবস্থার অবনতি হলে বার বার ডাক্তারকে আসতে বললেও সেখানকার কোন ডাক্তার না এসে শুধু মাত্র কর্তব্যরত নার্স দিয়ে যে ওষুধ লিখা ছিল সেই ওষুধই সেবন করাত।

অবশেষে কর্তব্যরত নার্স তাদেরকে যখন জানায় রোগী বাঁচাতে হলে অন্যত্র নিয়ে যাও। তখন আমরা আমাদের রোগী নিয়ে কুষ্টিয়া পরে রাজশাহী নিয়ে আসি। অবশ্য স্থানীয়রা প্রশ্ন তোলেন তারা যদি ভুল চিকিৎসা না করবে তাহলে টাকা দেবে কেন।

গাংনীর রবিউল মেমোরিয়াল হাসপাতাল তার নিজেস্ব দালাল নিয়োগ করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে বিভিন্ন রোগীদের ভাগিয়ে নিয়ে আসার প্রমাণ আছে। এছাড়াও ভুল চিকিৎসায় রোগী মৃত্যুর ঘটনা এটাই প্রথম নয়। এর আগেও একই উপজেলার রামনগর গ্রামের এক গৃহবধুকে

প্রাণ দিতে হয়েছে রবিউল মেমোরিয়াল হাসপাতালে ভুল অপারেশনের ফলে।

সিভিল সার্জন ডা. শামিমা নাজনিন জানান, আসলে কেমন অনিয়ম হয়েছে না দেখে বলা সম্ভব নয়। তবে এ্যনেস্থেসিয়া ছাড়াই অপারেশন করা নিয়ম বহির্ভুত। তবে তার এ্যনেস্থেসিয়া সম্পর্কে অভিজ্ঞতা আছে কিনা সেটাও একটা বিষয়। অভিজ্ঞতা না থাকলে এনেস্থেসিয়া করাটা ঠিক নয়। তিনি আরও বলেন আমি এখন ঢাকাতে ট্রেনিং এ আছি এসে বিষয়টি খতিয়ে দেখে বলা যাবে।

দালাল দিয়ে রোগী ভাগিয়ে নেওয়ার বিষয়ে রবিউল মেমোরিয়াল হাসপাতাল মালিক তরিকুল ইসলামকে ভ্রাম্যমান আদালত বসিয়ে অর্থদন্ড সহ তার মুচলেকা নিয়ে সতর্ক করা হয়। তারপরও দালাল দিয়ে রোগী ভাগিয়ে নেওয়া বন্ধ হয়নি। বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নিতে স্থানীয়রা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেছেন।

:নিজেস্ব প্রতিবেদক

সভাপতি শওকত, সম্পদক ফাহাদ

মেহেরপুর শহর আওয়ামী লীগের উদ্যোগে ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে শওকত আলী কে সভাপতি ও ফাহাদ আলীকে সম্পাদক করা হয়েছে।

গতকাল সোমবার সন্ধায় ৪ নং ওয়ার্ডের শেখ পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে সম্মেলন অনুষ্ঠিত হয়।

শহর আওয়ামী লীগের সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলামের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য দেন সাধারণ সম্পাদক আক্কাস আলী যুগ্ম সম্পাদক আসলাম হোসেন পিন্টু, আওয়ামী লীগ নেতা শওকত আলী, ফাহাদ আলী প্রমুখ।

:শহর প্রতিনিধি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]